

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 17-05-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Election :**

অষ্টাদশ লোকসভা নির্বাচনের পঞ্চম পর্বের জন্য বিভিন্ন দলের শীর্ষ নেতৃবৃন্দ পুরোদমে নির্বাচনী প্রচারে যোগ দিয়েছেন। এই পর্বের প্রচার আগামীকাল শেষ হবে এবং এই মাসের ২০ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

প্রধানমন্ত্রী এবং বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি গতকাল উত্তরপ্রদেশে জৌনপুর জেলায় এক নির্বাচনী জনসভায় বলেছেন, CAA হল বিজেপি সরকারের প্রতিশ্রুতির একটি জ্বলন্ত উদাহরণ যা সরকার পূরণ করেছে।

অন্যদিকে কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াঙ্কা গান্ধী ভাদ্রা রায়বেরেলিতে নির্বাচনী প্রচারে বিজেপির বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ আনেন।

\*\*\*\*\*

**All Party Meeting :**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য ভোট কেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ করা হবে আগামী ২০শে মে। ঐদিন থেকেই খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণ করা হবে। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ৩০শে মে। ভোট কেন্দ্রে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী তেসরা জুন। উল্লেখ্য, পঞ্চায়েত নির্বাচনের জন্য খসড়া ভোটের তালিকা প্রকাশ করা হবে আগামী ৬ই জুন। আমাদের ঊনকোটি জেলার সংবাদদাতা অনুপম ভট্টাচার্য জানিয়েছেন, আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে গতকাল ঊনকোটি জেলার গৌরনগর ব্লক কার্যালয়ে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**CM meeting:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল তাঁর সরকারি বাসভবনে ত্রিপুরার ১৯টি শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিকীকরণ সহ নতুন কোর্স চালুর ব্যাপারে টাটা গ্রুপের এক প্রতিনিধি দলের সঙ্গে আলোচনা করেন। মুখ্যমন্ত্রী ছাড়া উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে, অধিকর্তা বিশ্বশ্রী বি সহ অন্যান্য আধিকারিকরা।

\*\*\*\*\*

**Bachar bachao examination :**

নবম এবং একাদশ শ্রেণীতে পড়ুয়াদের জন্য বছর বাঁচাও পরীক্ষা শুরু হবে আগামী ১১ই জুন থেকে। চলবে ২২শে জুন পর্যন্ত। বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা নৃপেন্দ্র চন্দ্র শর্মা এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ আওতাভুক্ত সরকারি এবং সরকার অধিগৃহীত স্কুলগুলিতে বছর বাঁচাও পরীক্ষা হবে।

\*\*\*\*\*

**BJP congratulations:**

প্রদেশ বিজেপির পক্ষ থেকে গতকাল বিজেপি'র রাজ্য দপ্তরে সম্প্রতি রাষ্ট্রসংঘে বৈশ্বিক ফোরামে ত্রিপুরার প্রতিনিধিত্ব করায় সিপাহীজলা জিলা সভানেত্রী সুপ্রিয়া দাস দত্তকে অভিনন্দন জানানো হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ অন্যান্যরা। তাছাড়া মুখ্যমন্ত্রী হিসেবে দ্বিতীয় বছর পূর্ণ করায় প্রদেশ বিজেপি'র পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে শুভেচ্ছা জানানো হয়।

\*\*\*\*\*

**SFI Deputation:**

দক্ষিণ জেলার বিদ্যাজ্যোতি স্কুলগুলির পরিকাঠামো উন্নয়ন ও চলতি শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রীদের হাতে দ্রুত বই পৌঁছানোর দাবি জানিয়ে গতকাল দক্ষিণ জেলা শিক্ষা আধিকারিকের কাছে ডেপুটেশন দিল এসএফআই। ডেপুটেশনের প্রতিনিধি দলে ছিলেন:- এসএফআই বিলোনিয়া মহকুমা সম্পাদক প্রসেনজিৎ বৈদ্য, বিভাগীয় সভাপতি সৌরভ পাল প্রমুখ।

\*\*\*\*\*

#### **Indian Army :**

ভারতীয় সেনাবাহিনীর উদ্যোগে গতকাল নাগিছড়া উচ্চ বিদ্যালয়ে ভারতীয় সেনাবাহিনীতে যোগদান করুন শীর্ষক এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সেনাবাহিনীর জওয়ানদের কর্মজীবন নিয়ে প্রেরণামূলক আলোচনা করা হয়।

\*\*\*\*\*

#### **Tree plantation:**

সাবরুমের মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প ইউনিটের উদ্যোগে গতকাল কলেজ চত্বর ও সাবরুম বাজারে বৃক্ষরোপণ কর্মসূচী পালিত হয়। এই কর্মসূচিতে মহকুমা বনাধিকারিক সিদ্ধার্থ দেববর্মা, কলেজের অধ্যক্ষ অনুপম গুহ প্রমুখ উপস্থিত ছিলেন। বিশ্ব উষ্ণায়ন ও পরিবেশ সুরক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব বোঝাতে কলেজের এনএসএস স্বেচ্ছাসেবীরা লিফলেটও বিলি করে।

\*\*\*\*\*

#### **Blood Donation:**

আগরতলা পুর নিগমের ৩৯ নম্বর ওয়ার্ডের উদ্যোগে গতকাল অরুন্ধুতিনগরের ওয়ার্ড কমিউনিটি হলে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ বিশিষ্টজনেরা। মুখ্যমন্ত্রী বলেন রক্তদান হচ্ছে মানবজাতির সবচেয়ে গুরুত্বপূর্ণ সামাজিক সেবা।

\*\*\*\*\*

### **TCA Meeting:**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বিশেষ সাধারণ সভা গতকাল অনুষ্ঠিত হয়। এতে ২০২৪-২৫ অর্থবছরের ১ এপ্রিল থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত সময়কালের জন্য অন্তর্বর্তীকালীন বাজেট সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। নির্দিষ্ট এই সময়ের জন্য প্রায় ৪৪ কোটি টাকার বাজেটের অনুমোদন দেয় সাধারণ সভা। সভায় ২৪ জন সদস্য উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Cricket:**

ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেটের গুরুত্বপূর্ণ খেলায় আজ কসমোপলিটন ক্লাব ও হার্ভে ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। নরসিংগড় টিআইটি মাঠে হবে ম্যাচটি। দুটি দলই ৫টি করে ম্যাচ খেলে সবকটি ম্যাচেই জয়লাভ করে যুগ্মভাবে শীর্ষে রয়েছে। এছাড়া অপর দুটি ম্যাচে এমবিবি স্টেডিয়ামে ওল্ড প্লে সেন্টার খেলবে মৌচাক ক্লাবের বিরুদ্ধে এবং পুলিশ ট্রেনিং একাডেমি মাঠে পোলস্টার ক্লাব খেলবে ইউনাইটেড বিএসটি-র বিরুদ্ধে।

\*\*\*\*\*

### **Weather :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় গরম এবং বাতাসে আর্দ্রতার প্রভাব অব্যাহত থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রী ও সর্বনিম্ন ২৮ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা। উত্তর, উনকোটি এবং ধলাই জেলার কিছু কিছু জায়গায় গরম এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বেশি থাকবে বলে আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে সতর্কতা জারি করা হয়েছে।

\*\*\*\*\*

\* \* \* \* \*